একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www: ngoab.gov.bd

নং-০৩.০৯.০০০০.৬৬০.৬৬.১৩২.১২- ১৭ তারিখঃ ০২/০৭/২০২০ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা 'বাংলাদেশ মানবাধিকার কমিশন'-এর নিবন্ধন বাতিল।

যেহেতু তাঁর 'বাংলাদেশ মানবাধিকার কমিশন (নিবন্ধন নং-১৬০৫, তাং-০২/০১/২০০১খ্রিঃ)' নামীয় সংস্থাটি 'বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬'- মোতাবেক এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধিত একটি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা।

যেহেতু, নিবন্ধন প্রদানকালীন ০৪/০১/২০০১ তারিখে জারিকৃত পত্রের (ঝ) নং শর্ত মোতাবেক নিবন্ধন প্রাপ্তির ০১(এক) বছরের মধ্যে দাখিলকৃত বিদেশী দাতা বা দাতা সংস্থার প্রতিশ্রুতিপত্র মোতাবেক বিদেশী অনুদান দ্বারা কর্মসূচী বাস্তবায়ন করতে ব্যর্থ হয়েছে এবং নিবন্ধনকালীন দাখিলকৃত দাতা সংস্থা 'M/S. MITSUTAKE SHOJI CO. LTD-Japan' এর অর্থায়নে কোন প্রকল্প বাস্তবায়ন না করে এফডি-১ ফরমের 2(b)-তে False Declaration-দেয়া হয়েছিল; যা বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬-এর ১৪ ধারার সুস্পষ্ট লংঘণ;

যেহেতু, নিবন্ধন নবায়ন সনদপত্রে আরোপিত ২নং শর্তে নিবন্ধনের মেয়াদ শেষ হওয়ার ০৬(ছয়) মাস পূর্বে নবায়নের আবেদন করার বিধান থাকলেও ২০১১ সনে মেয়াদ শেষ হওয়ার পর ৩১/০১/২০১৩ তারিখে অর্থাৎ প্রায় ০২(দুই) বছর পর নবায়নের আবেদন করা হয়েছে; যা বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬ এর ধারা-৪(৪) লংঘণ;

যেহেতু, 'জাতীয় মানবাধিকার কমিশন' বাংলাদেশ সরকারের একটি সংবিধিবদ্ধ/সাংবিধানিক প্রতিষ্ঠান। সরকার বা আদালতের বিশেষ আদেশবলে গঠিত কোন 'কমিশন' ব্যতিরেকে অন্য কোন বেসরকারি বা স্বেচ্ছাসেবী সংস্থার নামের সাথে 'কমিশন' বা সমার্থক শব্দ ব্যবহার করা আইনানুগ নয়। এ প্রেক্ষিতে বারবার সংস্থাকে পত্র দেয়া সত্ত্বেও সংস্থা ব্যুরোর নির্দেশনা অমান্য করে সংস্থার নাম থেকে 'কমিশন' শব্দটি বাদ না দিয়ে বিদ্যমান আইনের ১৪ ধারা লংঘণ করেছে; যা একই আইনের ১৫ ধারা মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, 'জাতীয় মানবাধিকার কমিশন' থেকে 'বাংলাদেশ মানবাধিকার কমিশন' নামীয় বেসরকারী প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল করার জন্য এনজিও বিষয়ক ব্যুরোকে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এনজিও বিষয়ক ব্যুরো বর্ণিত কারণসমূহের পরিপ্রেক্ষিতে 'বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬ আইনের ১৫ ধারার (খ) উপধারা মোতাবেক সংস্থার নিবন্ধন বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, 'বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন-২০১৬'-এর ১৫ ধারার (খ) উপধারা অনুযায়ী তাঁর সংস্থার নিবন্ধন নং-১৬০৫, তারিখঃ ০২/০১/২০০১খ্রিঃ- এতদ্বারা বাতিল করা হল। উক্ত বাতিল আদেশের পর তাঁর সংস্থা কর্তৃক কোন কার্যক্রম পরিচালনা করা হলে তা সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে ফৌজদারিসহ দেশের প্রচলিত যে কোন আইনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হল।

০২/০৭/২০২০

মোঃ শাহাদাৎ হোসাইন
(অতিরিক্ত সচিব)
পরিচালক (নিবন্ধন ও নিরীক্ষা
ফোনঃ ৫৫০০৭৩৯৭।

সেক্রেটারী জেনারেল,
বাংলাদেশ মানবাধিকার কমিশন
২২২/খ, মালিবাগ (২য় তলা), ফ্ল্যাট-সি/২, ঢাকা-১২১৭।

নং-০৩.০৯.০০০০.৬৬০.৬৬.১৩২.১২- তারিখঃ ০২/০৭/২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন, বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়/সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
০৬। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা/মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০৭। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৮। পরিচালক (নিবন্ধন ও অডিট)/পরিচালক (প্রকল্প-১/২), এনজিও বিষয়ক ব্যুরো।
০৯। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা), বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।
১০। জেলা প্রশাসক, ঢাকা। **তাঁকে একজন উপযুক্ত কর্মকর্তা দ্বারা সংস্থা কর্তৃক গৃহীত নগদ বৈদেশিক অনুদান এবং বৈদেশিক অনুদানে সংগৃহিত স্থাবর/ অস্থাবর সম্পত্তির (যদি থাকে) তালিকা তৈরিপূর্বক সরকারের দখলে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ এনজিও বিষয়ক ব্যুরোতে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।**
১১। রেজিষ্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, টিসিবি ভবন (৭ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
১২। মহাব্যবস্থাপক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১৩। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
১৪। উপ-পরিচালক (পরিদর্শন ও নিরীক্ষা), এনজিও বিষয়ক ব্যুরো।
১৫। উপ পরিচালক (সাঃ), এনজিও বিষয়ক ব্যুরো।
১৬। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। তাঁহাকে তালিকা সংশোধনসহ ওয়েবসাইটে পত্রটি প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
১৭। ম্যানেজার, পূবালী ব্যাংক লিঃ, মালিবাগ শাখা, মালিবাগ, ঢাকা। তাঁকে সংস্থার বৈদেশিক অনুদান গ্রহণের হিসাব নং-এসবি-০৭০৩১০১০৯০৯৭৭-পরিচালনা বন্ধসহ উক্ত হিসাবের একটি বিবরণী এই দপ্তরে প্রেরণ করতে অনুরোধ করা হল।
১৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো।

মোঃ শাহাদাৎ হোসাইন
(অতিরিক্ত সচিব)
পরিচালক (নিবন্ধন ও নিরীক্ষা)